

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.২৬০

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০
০১ জুন ২০২৩

বিষয়: প্রতি ত্রৈমাসিকে স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর আওতায় প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩এর ১.৪ অনুচ্ছেদ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি ত্রৈমাসিকে সকল দপ্তরের অফিস প্রধানগণকে ওয়েব পোর্টালের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে। এ বিষয়ে বিগত প্রশিক্ষণে ও মাসিক সভাগুলিতে একাধিকবার আলোচনা করে দ্রুত হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়েছিল, কিন্তু এ বিষয়ে অদ্যাবধি যথাযথ অগ্রগতি না থাকায় জেলার একীভূত প্রতিবেদন ও একীভূত স্ক্রীণশট উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা যাচ্ছে না, যা অনভিপ্রেত।

২। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে মৎস্য অধিদপ্তরের সর্বশেষ ভিশন, মিশনসহ প্রদেয় সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/ কর্মচারীদের নাম, পদবি, যোগাযোগের নম্বরসহ সকল বিষয় হালনাগাদ করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। আগামী ০৫ জুন ২০২৩খ্রি. তারিখের মধ্যে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েব সাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। অন্যথায় উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসম্মত আদেশ লঙ্ঘনের যৌক্তিক ব্যাখ্যা প্রদান করতে হবে।

এমতাবস্থায়, অনতিবিলম্বে সকল দপ্তরের অফিস প্রধানগণকে ওয়েব পোর্টালের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ পূর্বক প্রকাশ ও প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১-০৬-২০২৩

ড.মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

০২৫৮৮৮৭২৫৯০

dfonatore@fisheries.gov.bd

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর।

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.২৬০/১ (২)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০
০১ জুন ২০২৩

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর এবং
- ২। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।



A handwritten signature in black ink, appearing to be 'Abul Kalam Azad'.

০১-০৬-২০২৩

ড.মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা